রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মে ২২, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**
ই-মেইল: chairman_mwbdhaka@yahoo.com

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৬ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৪.২৩.১০৩।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''হোসিয়ারী" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২৩ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ''হোসিয়ারী" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**লিয়াকত আলী মোল্লা**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ১২.০০

**নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা**

**"হোসিয়ারী" শিল্প**

**খসড়া সুপারিশ-২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১৭/০১/২০২৩ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩২.০৬২.১৭.২২ তারিখ: ২৩/০২/২০২৩ খ্রিস্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে "হোসিয়ারী" শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। অতঃপর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০৬২.১৭.৪৬ তারিখ: ০৫/০৩/২০২৩ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক "হোসিয়ারী" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "হোসিয়ারী" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ নারায়ণগঞ্জ জেলার উকিলপাড়া ও নয়ামাটি এলাকায় অবস্থিত যথাক্রমে নাছিমা হোসিয়ারী, বিধান হোসিয়ারী, সেঞ্চুরী হোসিয়ারী ও গুডলাক হোসিয়ারী এ উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক, শ্রমিক ও শ্রমিকনেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন। বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাব এবং পরিদর্শনে প্রাপ্ত তথ্য উপাত্তসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক "হোসিয়ারী" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল "হোসিয়ারী" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্ট্যারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" ও তপশিল "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক ও কর্মচারী অথবা শ্রমিক ও কর্মচারীগণকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৭২০০/- (সাত হাজার দুইশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭৫৬০/- (সাত হাজার পাঁচশত ষাট) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭৫৬০/- (সাত হাজার পাঁচশত ষাট) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৭৯৩৮/- (সাত হাজার নয়শত আটত্রিশ) টাকা নির্ধারিত হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৩। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**লিয়াকত আলী মোল্লা**

চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

স্বাক্ষরিত
অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষরিত
মকসুদ বেলাল সিদ্দিকী
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
সুলতান আহম্মদ
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
মোঃ সাফি উদ্দিন
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
স্বপন দত্ত
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**তপশিল "ক"**

**শ্রমিকগণের নিম্নতম মজুরি হার**

| শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| **দক্ষ:**<br>১। সিনিয়র বডি মেশিনম্যান<br>২। সিনিয়র ফিটার/মিস্ত্রী<br>৩। সিনিয়র কাটিংম্যান<br>৪। সিনিয়র ওভারলকম্যান<br>৫। সিনিয়র চেইনম্যান<br>৬। সিনিয়র নেক কাটিংম্যান ও আস্তিনম্যান<br>৭। সিনিয়র ইস্ত্রিম্যান<br>৮। সিনিয়র ফ্লাটলকম্যান<br>৯। সিনিয়র দর্জিম্যান/দর্জি কাটিংম্যান<br>১০। সিনিয়র কলারম্যান/মোজাম্যান<br>১১। সিনিয়র হীট মেশিনম্যান<br>১২। সিনিয়র কোনিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১২৫০০/- | ৬২৫০/- | ১২০০/- | ৮০০/- | ২০৭৫০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১২৫০০/- | ৫০০০/- | ১২০০/- | ৮০০/- | ১৯৫০০/- |

| শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| **<u>আধা-দক্ষ:</u>**<br>১। জুনিয়র বডি মেশিনম্যান<br>২। জুনিয়র ক্যালেন্ডারম্যান<br>৩। জুনিয়র চেক মেন্ডিংম্যান<br>৪। জুনিয়র রিব কাটিংম্যান (মেশিনম্যান)<br>৫। জুনিয়রনেক কাটিংম্যান ও জুনিয়র আস্তিনম্যান<br>৬। জুনিয়র কাটিংম্যান<br>৭। জুনিয়র ওভারলকম্যান<br>৮। জুনিয়র চেইনম্যান<br>৯। জুনিয়র ফ্লাটলকম্যান<br>১০। জুনিয়র ইস্ত্রিম্যান<br>১১। জুনিয়র হীট মেশিনম্যান<br>১২। জুনিয়র কোনিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৮০০/- | ৪৪০০/- | ১২০০/- | ৮০০/- | ১৫২০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮৮০০/- | ৩৫২০/- | ১২০০/- | ৮০০/- | ১৪৩২০/- |

| শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড)<br>ও<br>পদবিন্যাস | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| **অদক্ষ:**<br>১। সহকারী বডি মেশিনম্যান<br>২। সহকারী ক্যালেন্ডারম্যান<br>৩। সহকারী চেক মেন্ডিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭২০০/- | ৩৬০০/- | ১২০০/- | ৮০০/- | ১২৮০০/- |
| ৪। সহকারী রিব কাটিংম্যান (মেশিনম্যান)<br>৫। সহকারী নেক কাটিংম্যান ও আস্তিনম্যান<br>৬। সহকারী কাটিংম্যান<br>৭। সহকারী ওভারলকম্যান<br>৮। সহকারী চেইনম্যান<br>৯। সহকারী ফ্লাটলকম্যান<br>১০। সহকারী ইস্ত্রিম্যান<br>১১। সহকারী কোনিংম্যান<br>১২। সহকারী হীট মেশিনম্যান<br>১৩। সহকারী রিব কাটিংম্যান (হাতে)<br>১৪। সহকারী কান্দি সেলাইম্যান<br>১৫। সহকারী প্যাকার<br>১৬। সহকারী টিকেটম্যান<br>১৭। সহকারী হেলপার | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭২০০/- | ২৮৮০/- | ১২০০/- | ৮০০/- | ১২০৮০/- |
| **শিক্ষানবিস শ্রমিক:** | (ক) শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯০০০/-(নয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তপশিল "খ"

## কর্মচারীগণের নিম্নতম মজুরি হার

| কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-১:</u><br>১। হিসাব সহকারী<br>২। স্টোর কিপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ১২৫০০/- | ৬২৫০/- | ১২০০/- | ৮০০/- | ২০৭৫০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১২৫০০/- | ৫০০০/- | ১২০০/- | ৮০০/- | ১৯৫০০/- |
| <u>গ্রেড-২:</u><br>১। স্টোর সহকারী<br>২। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। ড্রাইভার<br>৫। ক্যাশিয়ার<br>৬। সেলসম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৮৮০০/- | ৪৪০০/- | ১২০০/- | ৮০০/- | ১৫২০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৮৮০০/- | ৩৫২০/- | ১২০০/- | ৮০০/- | ১৪৩২০/- |
| <u>গ্রেড-৩:</u><br>১। পিয়ন/দপ্তরী<br>২। দারোয়ান<br>৩। পাহারাদার<br>৪। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭২০০/- | ৩৬০০/- | ১২০০/- | ৮০০/- | ১২৮০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭২০০/- | ২৮৮০/- | ১২০০/- | ৮০০/- | ১২০৮০/- |
| **শিক্ষানবিস কর্মচারী:** | (ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯০০০/-(নয় হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিসীকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd